

এসো এসো ওগো শ্যামছায়াঘন দিন, এসো এসো ।

আনো আনো তব মল্লারমদ্রিত বীন ॥

বীণা বাজুক রমকি ঝমকি,

বিজুলির অঙ্গুলি নাচুক চমকি চমকি চমকি ।

নবনীপকুঞ্জনিভূতে কিশলয়মর্মরগীতে—

মঞ্জীর বাজুক রিন্-রিন্-রিন্-রিন্ ॥

নৃত্যতরঙ্গিত তটিনী বর্ষণনন্দিত নটিনী— আনন্দিত নটিনী,

চলো চলো কুল উচ্ছলিয়া কলো-কলো-কলো কল্লোলিয়া ।

তীরে তীরে বাজুক অন্ধকারে ঝিল্লির ঝঙ্কার ঝিন্-ঝিন্-ঝিন্-ইন ॥

---

Parjaay: Prem O Prakriti, Taal: Kaharwa, Style: Kirtan

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail